



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

9 January 2026

7:35 AM IST

আসাম সরকারের নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আজ থেকে মোট ১১ হাজার ১৩ জন প্রার্থীকে নিযুক্তি দেওয়া হবে। এ অনুসারে আজ এ ডি আর ই পরীক্ষায় উত্তীর্ণ চার হাজার ৩শো ৭৪ জন চতুর্থ শ্রেণীর প্রার্থীদের মধ্যে গৌহাটি খানাপাড়ার নবনির্মিত জ্যোতি-বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে নিযুক্তি পত্র বিতরণ করা হবে। তথ্য ও জনসংযোগ বিভাগের সূত্রে জানানো হয়েছে যে আগামীকাল সরুসজাইর অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে এ ডি আর ই-পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ৬ হাজার ৩শো ৪৭ জন তৃতীয় শ্রেণীর প্রার্থীকেও নিযুক্তিপত্র প্রদান করা হবে। একইভাবে আগামী ১২ই জানুয়ারী গৌহাটি চিকিৎসা মহাবিদ্যালয় প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে এ ডি আর ই-তে উত্তীর্ণ হওয়া ২শো ৯২ জন চা-জনগোষ্ঠীর প্রার্থীদের মধ্যে নিযুক্তিপত্র বিতরণ করা হবে।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আগামী ১৩ই জানুয়ারী উত্তর শ্রীভূমি বিধানসভা কেন্দ্রে মহিলা উদ্যোগিতা প্রকল্পের অধীনে ১৪ হাজার একশ ৩৫ জন মহিলাকে দশ হাজার টাকা করে প্রদান করবেন। মুখ্যমন্ত্রীর

শ্রীভূমি জেলা সফর উপলক্ষ্যে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে পর্য্যালোচনা বৈঠকের পর রাজ্যের পূর্ত, মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন

বাইট---

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির প্রবীন নেতা কবীন্দ্র পুরকায়স্থের শেষকৃত্য গতকাল রাজ্য মর্যাদায় শিলচর শ্মশানঘাটে সম্পন্ন হয়েছে । অসম প্রদেশ বিজেপির পিতামহস্বরূপ কবীন্দ্র পুরকায়স্থকে শেষ শ্রদ্ধা জানাতে অগণিত লোক উপস্থিত ছিলেন । গতকাল সকালে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে তাঁর নশ্বর দেহ বাসগৃহে নিয়ে যাওয়া হয় । সেখান থেকে কাছাড় জেলা বিজেপি কার্যালয় এবং এরপর জেলা ক্রীড়া সংস্থার মাঠে নিয়ে যাওয়া হলে শুভানুধ্যায়ী , বিভিন্ন দল , সংগঠনের নেতা কর্মীরা শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন । রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকিয়া , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , সাংসদ পরিমল শুল্কবৈদ্য , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , হোজাইয়ের প্রাক্তন বিধায়ক শিলাদিত্য দেব , তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব , শিলচর জেলা কংগ্রেস ও এ আই ইউ ডিএফের নেতা কর্মী সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী ও বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক ক্রীড়া সংগঠনের সদস্যরা জেলা ক্রীড়া সংস্থার মাঠে শেষ শ্রদ্ধা জানান । এরপর তাঁর নশ্বর দেহ রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের কার্যালয়ে নিয়ে যাওয়া হয় এবং সেখান থেকে শিলচর শ্মশানঘাটে গান স্যালুটের মাধ্যমে সম্পূর্ণ রাজ্য মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন করা হয় ।

শ্রীভূমি জেলায় প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য জাপানিস এনকেফেলাইটিস প্রতিরোধে টীকাকরন অভিযান শুরু হয়েছে। গতকাল জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী নিজে টীকাগ্রহন করে এই অভিযানের সূচনা করে জানান যে টীকাকরন অভিযানে ১৫ থেকে ৬৫ বছর বয়সী সব যোগ্য প্রাপ্ত বয়স্কদের অন্তর্ভুক্ত করা হয়েছে। জেলা আয়ুক্ত জেলাবাসীকে নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্র বা নির্ধারিত টীকাকরন কেন্দ্রে গিয়ে টীকা গ্রহন করার আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য টিকাটি সম্পূর্ণ বিনামূল্যে, নিরাপদ ও কার্যকর এবং একটি মাত্র ডোজই দীর্ঘ মেয়াদী সুরক্ষা প্রদান করবে। টীকাকরন অভিযানের গতকাল প্রথম দিন প্রায় ১৫০ জনকে জাপানিস এনকেফেলাইটিস প্রতিরোধী টীকা প্রদান করা হয়েছে বলে স্বাস্থ্য বিভাগ সূত্রে জানানো হয়েছে।

হাইলাকান্দি জেলা শিশু সুরক্ষা বিভাগের উদ্যোগে দক্ষিণ হাইলাকান্দির জামিরায় গতকাল শিশু সুরক্ষার উপর একটি সচেতনতা সভার আয়োজন করা হয়। রাজ্য সরকারের সম্প্রতি চালু করা সুরক্ষিত শৈশব সোনালী অসম প্রকল্পের অধীনে শিশু সুরক্ষার বিভিন্ন কার্যসূচী নিয়ে আলোচনা করা হয়। সভায় খন্ড উন্নয়ন আধিকারীক আদিত্য মুখার্জি জানান যে বাল্য বিবাহে কন্যা শিশুদের উপর শারিরীক, মানসিক ও আবেগিক অবস্থার বিরূপ প্রভাব পড়ে যার ফলে কন্যা শিশুরা মৌলিক অধিকার থেকে বঞ্চিত হয়। সভায় আরো জানানো হয় যে ১৪ বছরের কম বয়সী শিশুদের কোন ঝুঁকিপূর্ণ কাজ বা ঘরোয়া কাজে নিয়োগ করা আইনত দণ্ডনীয়। এই আইন ভঙ্গ করলে ছয় মাস থেকে দু বছর পর্যন্ত কারাবাস এবং শিশু শ্রমিক নিয়োগের অপরাধে ২০ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত

জরিমানার সংস্থান রয়েছে । সভায় জেলা শিশু সুরক্ষা আধিকারীক সৈয়দ জালাল উদ্দিন স্বাগত বক্তব্য রাখেন ।

অসম ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সহযোগিতায় হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত অষ্টম অসম প্রিমিয়ার ক্লাব ক্রিকেট প্রতিযোগিতার আজকের খেলায় রাইজিং ইয়ং স্টার ক্লাব মুখোমুখি হবে মায়া ক্লাবের বিরুদ্ধে ।

প্রতিযোগিতার গতকালের খেলায় ব্লাড মাউথ ক্লাব ৫ উইকেটে স্টার এ দলকে পরাজিত করে ।
